দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা বিএনপি সহ অঙ্গসংগঠন ও সহযোগী অঙ্গসংগঠনের আয়জনে এক বর্নাঢ্য বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

এসময় বিএনপির বিজয় মিছিলে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আনছার আলী, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, জনি, উপজেলা ছাত্র দলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, সিনিয়র যুগ্ন আহবায়ক ইনজামামুল হক সহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত বিএনপি ও তার সহযোগী অঙ্গ সংগঠনের অসহযোগ অঙ্গ সংগঠনের অসংখ্য নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপি’র নতুন কমিটির বিজয় দিবস পালন

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ, বিজয় মিছিল এবং শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করছে মেহেরপুর জেলা বিএনপি।

সোমবার সকালে মেহেরপুর কলেজ মোড়ে অবস্থিত স্মৃতিসৌধে পুষ্প

মাল্য অর্পণ দোয়া ও মোনাজাত করা হয়।

মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড থেকে জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে র্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর কলেজ মোড়ে গিয়ে শেষ হয়। পরে কলেজ মোড়ে অবস্থিত স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে সেখানে দোয়া করা হয়।



এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম, যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, ওমর ফারুক লিটন, গোলাম ফারুক, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, মেহেরপুর জেলা বিএনপির সাবেক যুগ্ন সম্পাদক আব্দুল আউয়াল, সাবেক যুগ্ন সম্পাদক ইনসারুল হক ও মানজারুল হক, সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আনিসুর রহমান লাভলু, সাধারণ সম্পাদক কাউসার আলী, সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহবুব সানি, সাধারণ সম্পাদক শাহেদুর রহমান বিপ্লব, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদিকা লায়লা আরজুমান বানু, গাংনী উপজেলা মহিলা দলের সাধারণ সম্পাদিকা ফরিদা ইয়াসমিন ও খালেদা আক্তারসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের হাজার হাজার নেতাকর্মী

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টে ৯ নং ওয়ার্ড চ্যাম্পিয়ন

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হয়েছে। আজ রবিবার দুপুরে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এই টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

এ সময় একদিকে অংশগ্রহণ করে ২ নাম্বার ওয়ার্ড অপরদিকে অংশ গ্রহণ করে ৯ নম্বর ওয়ার্ড। ২ নাম্বার ওয়ার্ড প্রথমে ব্যাটে গিয়ে ৯০ রানের টার্গেটে ৯ নম্বর ওয়ার্ড জয় লাভ করে।

মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাসসহ অঙ্গসংগঠনের বিভিন্ন নেতাকর্মীরা।

এ সময় মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন পুরস্কার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর পৌর ওয়ার্ল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা সমাপ্তি করেন।

উল্লেখযোগ্য মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টে মেহেরপুর পৌরসভার ৯টি ওয়ার্ড থেকে ৯টি দল অংশগ্রহণ করে। এই মেহেরপুর পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের আয়োজনকে ঘিরে মেহেরপুর পৌরসভার প্রত্যেকটি ওয়ার্ডের বাসিন্দাদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা গেছে।

মুজিবনগরে বিএনপি নেতাকর্মীদের শোভা যাত্রা ও আনন্দ মিছিল

মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি উপজেলা পরিষদের দুই দুই বারের নির্বাচিত চেয়ারম্যান মুজিবনগর উপজেলা বিএনপি’র কর্ণধার আমিরুল ইসলাম মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির ১নং যুগ্ন আহবায়ক হয় মুজিবনগরে নেতাকর্মীদের মাঝে আনন্দ-বন্যা বইছে।

মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটির ঘোষণার পরপরই মুজিবনগর উপজেলা বিএনপি যুবদল কৃষকদল ছাত্রদলের নেতাকর্মীরা মোটরসাইকেল শোভা যাত্রার মাধ্যমে আমিরুল ইসলামকে মেহেরপুর থেকে মুজিবনগর নিয়ে আসেন উপজেলার কেদারগঞ্জ বাজারে উপজেলা বিএনপি’র ও তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা ফুলের মালা দিয়ে তাকে বরণ করে নেন।

এ সময় কেদারগঞ্জ বাজারে জড়ো হওয়া নেতা কর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়ার নির্দেশে মেহেরপুর জেলার আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। সেখানে আমাকে ১ নং যুগ্ন আহবায়ক করায় আমি বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের কাছে কৃতজ্ঞ। তিনি যে দায়িত্ব আমাকে দিয়েছেন এই জেলা সহ মুজিবনগর এর বিএনপির সকল স্তরের নেতা কর্মীকে নিয়ে তারেক জিয়ার হাতকে শক্তিশালী আগামী নির্বাচনে বিএনপিকে ক্ষমতা নিয়ে আসব ইনশাআল্লাহ। আসুন সমস্ত ভেদাভেদ ভুলে আমরা জাতীয়তাবাদী দলের পতাকা তলে সমবেত হয়ে বেগম খালেদা জিয়া ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক জিয়ার হাতকে শক্তিশালী করি।

দেশ কে নিয়ে যারা ষড়যন্ত্র করবে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের বিরুদ্ধে যারা ষড়যন্ত্র করবে তাদেরকে এক চুলও ছাড় দেওয়া হবে না। সমস্ত নেতাকর্মীদের নিয়ে আমরা মাঠে আছি মাঠে থাকবো সমস্ত ষড়যন্ত্র ভেদ করে আগামী নির্বাচনে বিএনপিকে ক্ষমতায় আনব।

এসময় উপস্থিত ছিলেন বাগওয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম সহ মুজিবনগর উপজেলা বিএনপির বিভিন্ন পর্যায়ের

নেতাকর্মী ছাত্রদল যুবদল কৃষক দল স্বেচ্ছাসেক দলের নেতা কর্মীবৃন্দ।

হরিণাকুণ্ডুতে বিএনপি’র দু’পক্ষের সংঘর্ষে আহত ৮

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বিএনপির দু’পক্ষের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের ৮জন আহত হয়েছে।

আজ শুক্রবার (১৩ ডিসেম্বর) বিকেল চারটার দিকে উপজেলার হরিশপুর গ্রামের লালন বাজার এলাকায় এই সংঘর্ষের ঘটনা ঘটে। পরে উপজেলা প্রশাসন ও পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়।

আহতরা হলেন হরিশপুর গ্রামের রবিউল ইসলামের ছেলে আলামিন হোসেন (৩২), আশান মন্ডলের ছেলে মন্টু মন্ডল (৪৩), জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আফাঙ্গীর বিশ্বাস (৪৬) ও পার্বতীপুর গ্রামের নুপুর মন্ডলের ছেলে বাপ্পী হোসেন (৩২)।

এদের মধ্যে আফাঙ্গীর বিশ্বাস জেলা বিএনপির সভাপতি অ্যাড. এম এ মজিদের অনুসারী এবং অন্যরা সাবেক সাংসদ মসিউর রহমানের ছেলে ও জেলা বিএনপির স্বাস্থ্য বিষয়ক সম্পাক বাবুর অনুসারী বলে জানা গেছে। আহতদের মধ্যে আলামিনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মহান বিজয় দিবস উপলক্ষ্যে ওই এলাকায় সাবেক সংসদ সদস্য ও বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা পরিষদের সাবেক সদস্য প্রয়াত মসিউর রহমানের এমপির অনুসারীদের কর্মীসভা চলছিল। সেখানে তাঁর ছেলে ড্যাবের কেন্দ্রীয় কমিটির সদস্য ও জেলা বিএনপির স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. ইব্রাহিম রহমান উপস্থিত ছিলেন। একই সময়ে পাশের জটারখালি বাজার এলাকায় সভা চলছিল জেলা বিএনপির সভাপতি ও হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাড. এম এ মজিদের সমর্থক ইউনিয়ন বিএনপির

নেতাকর্মীদের। সেখানে দলটির জেলা কমিটির যুগ্ম সম্পাদক আফাঙ্গীর হোসেন এবং উপজেলা কমিটির সাংগঠনিক সম্পাদক অ্যাড. রিয়াজুল ইসলাম রিয়াজ উপস্থিত ছিলেন।

পাশাপাশি দু’পক্ষের সভাকে কেন্দ্র করে নেতাকর্মীদের মাঝে উত্তেজনা দেখা দেয়। এক পর্যায়ে সেটি সংঘর্ষে রুপ নেয়। এ সময় উভয়পক্ষ লাঠিসোটা নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয়পক্ষের ৮ জন আহত হয়। এছাড়া বাবু সমর্থকদের সভাস্থলে চেয়ার ভাঙচুর করা হয়।

ডা. ইব্রাহিম রহমান বাবু অভিযোগ করেন, লালন বাজার এলাকায় তাদের কর্মীসভা চলছিল। তখন সেখানে দেশীয় অস্ত্র ও লাঠিসোটা নিয়ে অতর্কিত হামলা চালায় মজিদ সমর্থকরা। এ সময় তাদের লোকজনকে কুপিয়ে ও পিটিয়ে আহত করা হয়। এ সময় তাদের সভাস্থলের মঞ্চ ও চেয়ার ভাঙচুর করা হয়েছে। তবে এই অভিযোগ অস্বীকার করে জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আফাঙ্গীর হোসেন বলেন, ওই এলাকায় আওয়ামী লীগের লোকজনকে নিয়ে সভা করছিল প্রতিপক্ষরা। এ নিয়ে একটু উত্তেজনা দেখা দিয়েছিল। আমি সেটি সামাল দিতে গেলে তারা আমার ওপর আক্রমণ করে।

হরিণাকুণ্ডু হাসপাতালের চিকিৎসক তরিকুল ইসলাম জানান, আহত ৪ জনের মধ্যে দু’জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। তাদের মধ্যে একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে ঢাকা রেফার করা হয়েছে। তার মাথার পিছনে ধারালো অস্ত্রের আঘাত রয়েছে। বাকি দু’জনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। এসময় কয়েকজন পুলিশও আঘাতপ্রাপ্ত হয়েছে বলে জানা গেছে।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এম এ রউফ খান বলেন, খবর পেয়ে সেখানে আমি এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী কমিশনার (ভূমি) উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নিই। তবে সেখানে বড় ধরণের কোনো ঘটনা ঘটেনি। বর্তমানে ওই এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

এ বিষয়ে জানতে সহকারী কমিশনার (ভূমি) ঈশিতা আক্তারকে মোবাইলে কল করা হলে তিনি সেটি রিসিভ করেননি।

মেহেরপুরে কৃষক সমাবেশ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

বাংলাদেশের সংখ্যা গরিষ্ঠ কৃষক জনগোষ্ঠীকে সংগঠিত করার লক্ষ্যে সারাদেশে ৩ মাস ব্যাপী ইউনিয়ন পর্যায়ে কৃষক সমাবেশের অংশ হিসাবে মেহেরপুর জেলার সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন কৃষকদলের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

রাধাকান্তপুর কৃষকদলের আয়োজনে আজ শুক্রবার (১৩ ডিসেম্বর) বিকেলে মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্তপুরে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

বুড়িপোতা ইউনিয়ন কৃষকদের সভাপতি আবু সেলিমের সভাপতিত্বে প্রস্তুতি সভা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

মোঃ রফিকুল ইসলামের সঞ্চালনায় এসময় মেহেরপুর জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি মোঃ সেন্টু, বিএনপি নেতা মুক্তা, মণি, আমিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় সভায় স্থানীয় কৃষক নেতৃবৃন্দ এবং ইউনিয়নের কৃষকরা উপস্থিত ছিলেন। তারা কৃষকদের অধিকার রক্ষা, কৃষি খাতে বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলা এবং তাদের দাবি আদায়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে আলোচনা করেন।

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটি: মিল্টন আহবায়ক, কামরুল সদস্য সচিব

জাভেদ মাসুদ মিল্টনকে আহবায়ক ও অ্যাডভোকেট কামরুল ইসলামকে সদস্য সচিব করে মেহেরপুর জেলা বিএনপির ৭ সদস্য বিশিষ্ট আংশিক কমিটি

অনুমোদন করেছে কেন্দ্রীয় বিএনপি।

আজ শুক্রবার বিএনপির সিনিয়র যুগ্ন মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভি স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

কমিটির অন্য সদস্যরা হলেন- যুগ্ম আহবায়ক পদে জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, ছহিউদ্দিন ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফয়েজ মোহাম্মদ এবং সদস্য পদে জেলা বিএনপির সদ্য সাবেক সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, সদ্য সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেনের নাম অনুমোদন করা হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তি আরও জানা গেছে, মেহেরপুর জেলা বিএনপির সঙ্গে মাগুরা জেলা বিএনপি ও খুলনা জেলা বিএনপির নতুন কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

মুজিবনগরে জাতীয়তাবাদী কৃষকদলের কৃষক সমাবেশ অনুষ্ঠিত

মুজিবনগরে বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ কৃষক জনগোষ্ঠীকে সংগঠিত করার লক্ষে সারাদেশে ৩ মাসব্যাপী ইউনিয়ন পর্যায়ে কৃষক-সমাবেশের অংশ হিসাবে মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়নে কৃষক-সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্প্রতিবার বিকালে দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের আয়োজনে পুরন্দরপুর মোড়ে কৃষকদলের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সভাপতি রিপন আহম্মেদের সভাপতিত্বে উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষকদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ সাধারন সম্পাদক মফিজুর রহমান লিটন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা কৃষকদলের আহব্বায়ক

মাহাবুব রহমান, সদস্য সচিব মিজানুর রহমান।

এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা কৃষকদলের আহব্বায়ক আরমান আলী, সদস্য সচিব কুন্নত মিয়া, মোনাখালী ইউনিয়ন কৃষকদলের সাধারন সম্পাদক ইউনূচ আলী, দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সাধারন সম্পাদক হাবিবুর রহমান, মুজিবনগর উপজেলা যুবদলের আহব্বায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির।

কৃষক সমাবেশে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং বেগম খালেদা জিয়া বাংলার কৃষকদের উন্নয়নের জন্য যেসব কার্যক্রম করেছিলেন সেই সব উন্নয়ন মূলক তথ্য তুলে ধরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের লেখা একটি পত্র উপস্থিত কৃষকদের মাঝে পাঠ করে শোনানো হয়।

সেই সাথে তৃণমূলের কৃষকরা তাদের সমস্যার কথা, তারেক রহমানের কাছে পৌঁছিয়ে দেয়ার জন্য সমাবেশে তুলে ধরেন।

কোটচাঁদপুরে জাতীয়তাবাদী কৃষক দলের ৪৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মুল ধারার বিএনপি বাদ দিয়ে বিএনপি করা যাবে না। তাই, ঐক্যবদ্ধ থেকে নিজেদের মধ্যে দ্বিধা-দ্বন্দ্ব ভুলে দেশনায়ক তারেক রহমানের নেতৃত্বে বিএনপিকে ক্ষমতায় আনতে হবে।

আজ বুধবার (১১ ডিসেম্বর) বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর কৃষক দলের আয়োজনে জাতীয়তাবাদী কৃষক দলের (৪৪) তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা শেষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষনা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

তিনি আরো বলেন, ১৯৭২ সাল থেকে ৭৫ পর্যন্ত শেখ মুজিব বাংলাদেশে নির্বিচারে রাজনৈতিক বিরোধীদের হত্যা করেছিল। অন্তত ৪০ হাজার

মানুষকে হত্যা করেছিল রক্ষীবাহিনী। শেখ হাসিনাও তার বাবার মতো মানুষ হত্যা করে ক্ষমতায় চিরদিন থাকার দুঃস্বপ্ন দেখেছিল। শেখ হাসিনা দীর্ঘ ১৬ বছরে কয়েক হাজার রাজনৈতিক নেতাকর্মীকে হত্যা-গুম করেছে।

জুলাই আগস্টের ছাত্র-জনতার আত্মত্যাগ স্মরণ করে তিনি বলেন, শেখ হাসিনা ভেবেছিল তার কখনো পতন হবে না। দেশের লাখ লাখ কোটি টাকা লুটপাট করে বিদেশে বেগমপাড়া বানিয়েছে শেখ হাসিনা ও তার সাঙ্গপাঙ্গরা। চারবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছিলেন, হাসিনা দেশটাকে ধ্বংস করে একদিন পালাবে। আজ হাসিনা ঠিকই পালিয়ে গেছে। সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষক দলের সহ-সাধারণ সম্পাদক ইঞ্জিঃ মোমিনুর রহমান মোমিন।

উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপি সাধারণ সম্পাদ আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন-অর রশিদ, পৌর বিএনপি সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, পৌর যুব দলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা কৃষক দলের সদস্য সচিব বাবু, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, সদস্য সচিব হাফিজুর রহমান প্রমুখ। আলোচনা সভা সঞ্চালনা করেন পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবীদ ফিরোজ উদ্দিন মানিক, সার্বিক তত্ত্বাবধানে ছিলেন উপজেলা কৃষক দলের যুগ্ম আহ্বায়ক আবুল কাশেম। এ সময় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবকদল, কৃষক দল, শ্রমিকদল সহ সকল অঙ্গ সংগঠনের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে পদ্মাকর ইউনিয়ন শ্রমিক দলের সভাপতি টিটু ও

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]